# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ১১১৩

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. তাকবীর (তাহরীমা) বলার পর (নামায) শুরু করার দোয়া

بَابُ دُعَاءِ الِاسْتِفْتَاحِ بَعْدَ التَّكْبِيرِ

আরবী

حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ إِسْمَاعِيلُ بْنُ يُونُسَ بْنِ يَاسِينَ ، ثَنَا إِسْحَاقُ بْنُ أَبِي إِسْرَائِيلَ ، ثَنَا جَعْفَرُ بْنُ سُلَيْمَانَ الضُّبَعِيُّ ، ثَنَا عَلِيُّ بْنُ عَلِيٍّ الرِّفَاعِيُّ ، قَالَ إِسْحَاقُ : وَكَانَ يُشَبَّهُ بِالنَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ عَنْ أَبِي الْمُتَوَكِّلِ ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ ، قَالَ : كَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ اسْتَفْتَحَ صَلَاتَهُ ، فَكَبَّرَ ، قَالَ : " سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ ، رَبَّنَا ، وَتَبَارَكَ اسْمُكَ ، وَتَعَالَى جَدُّكَ ، وَلَا إِلَهَ غَيْرُكَ ، ـ ثَلَاثًا ـ أَعُوذُ بِاللَّهِ السَّمِيعِ الْعَلِيمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ : مِنْ هَمْزِهِ ، وَنَفْثِهِ ، وَنَفْخِهِ " قَالَ ثُمَّ يَقْرَأُ .

বাংলা

১১১৩(৪). আবু ইসহাক ইসমাঈল ইবনে ইউনুস ইবনে ইয়াসীন (রহঃ) ... আবু সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে ঘুম থেকে উঠে তাকবীর ধ্বনি করে নামায পড়া আরম্ভ করে তিনবার বলতেনঃ “সুবহানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা রব্বানা ওয়া তাবারাকাসমুকা ওয়া তাআলা জাদ্দুকা ওয়া লা ইলাহা গাইরুকা”। “আউযু বিল্লাহিস সামিয়ীল আলীম মিনাশ শাইতানির রাজীম মিন হামযিহি ওয়া নাফ্ছিহি ওয়া নাফ্খিহি”। “হে আল্লাহ! আপনি পবিত্র এবং সমস্ত প্রশংসা আপনার। আপনি আমাদের রব, আপনার নাম বরকতময়, আপনার মর্যাদা উচ্চ এবং আপনি ব্যতীত কোন ইলাহ নেই। আমি সর্বশ্রোতা ও সর্বজ্ঞাতা আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করি অভিশপ্ত শয়তান থেকে তার প্ররোচনা, ফুঁৎকার ও ছোবল থেকে”। রাবী বলেন, অতঃপর তিনি কিরাআত পড়তেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80902

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন